



বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ  
১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।



মুজিব বর্ষের অঙ্গীকার  
নদী রাখবো পরিষ্কার।

### নিয়োগ বিজ্ঞপ্তি নং-০৫/২০২২

নথি নং-১৮.১১.২৬.০০.০০৮.১১.২২০.১৭/১৭৭৯

তারিখ : ১৯/০৬/২০২২খ্রিঃ।

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) এর অধীনে এসএসবি অপারেটর/ওয়ারলেস অপারেটর এর ০৭(সাত) টি শূন্য পদে সরাসরি নিয়োগের নিমিত্ত বর্ণিত শর্তাধীনে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	বয়স সীমা	শূন্য পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
০১।	এসএসবি অপারেটর/ওয়ারলেস অপারেটর	জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১২তম গ্রেডভুক্ত টাকা ১১,৩০০-২৭,৩০০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩০ বৎসর	০৭	এসএসসিসহ ট্রেড সার্টিফিকেট। অথবা সশস্ত্র বাহিনী হতে সমমানের সনদপত্রসহ ২য় গ্রেডের ওয়ারলেস অপারেটিং সার্টিফিকেট।

- ০২। ১৫/০৬/২০২২ তারিখে প্রার্থীদের বয়স উল্লেখ করতে হবে।
- ০৩। আহ্বানী প্রার্থীদেরকে ২০/০৬/২০২২ হতে ৩০/০৬/২০২২ তারিখ পর্যন্ত শুধুমাত্র [www.jobsbiwta.gov.bd](http://www.jobsbiwta.gov.bd) এর মাধ্যমে অন-লাইনে আবেদন দাখিল করতে হবে।
- ০৪। আবেদন করার সময় ফরম পূরণের নিয়ম ও অন্যান্য শর্তাবলী [www.jobsbiwta.gov.bd](http://www.jobsbiwta.gov.bd) সাইটে পাওয়া যাবে। অনলাইনে আবেদন করার পর প্রাপ্ত Applied ID টি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। উক্ত Applied ID টি রকেটের Biller Number হিসেবে ব্যবহার করে ৭২ ঘন্টার মধ্যে ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং রকেটের মাধ্যমে বিআইডব্লিউটিএ'র বিলার আইডি নং-৪২২ এ আবেদন ফি বাবদ বর্ণিত পদের জন্য ২১৫/- (দুইশত পনেরো) (অফেরৎযোগ্য) আবেদন ফি জমা দিতে হবে, অন্যথায় আবেদন পত্রটি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।
- ০৫। আবেদনকারীগণকে নিজ নিজ Applied ID ব্যবহার করে [www.jobsbiwta.gov.bd](http://www.jobsbiwta.gov.bd) ওয়েব-সাইট থেকে প্রবেশপত্র সংগ্রহ করার জন্য আবেদনপত্রে উল্লিখিত মোবাইল নম্বরে যথা সময়ে SMS প্রদানের মাধ্যমে অবহিত করা হবে।
- ০৬। প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। মৌখিক/ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের সময় প্রার্থীদের আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি দাখিল করতে হবে।
- ০৭। চাকুরীরত প্রার্থীগণ-কে তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ হলে চাকুরীরত প্রতিষ্ঠানের নিকট থেকে অব্যাহতি পত্র দাখিল করতে হবে।
- ০৮। রীট পিটিশন নং-৭৯২৯/২০১৫ মামলার বাদীগণের জন্য বয়স শিথিলযোগ্যসহ অভিজ্ঞতার বিষয়ে অগ্রাধিকার প্রদান করা হবে।
- ০৯। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- ১০। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স ৩২(বত্রিশ) বৎসর এবং মুক্তিযোদ্ধার নাতী/নাতনীদের ক্ষেত্রে বয়স ৩০(ত্রিশ) বৎসর।
- ১১। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।
- ১২। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারি নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ১৩। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্থায়ী ঠিকানা হিসেবে স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করতে হবে।
- ১৪। প্রার্থীদের নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করেন।

(এস এম শাহেদ রেজা)  
যুগ্ম-পরিচালক(মানব সম্পদ)  
বিআইডব্লিউটিএ, ঢাকা।